**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 25.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50PM** **Compiling :- S. Mukherjee**
**DEO : KB** **NR: S. Mukherjee**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ব্রিটেন সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ সন্ধ্যায় লন্ডনে শিল্প সম্মেলনে যোগ দিয়েছেন।
# এদিকে রাজ্য বিজেপির অভিযোগ, অর্থনীতি ও কর্ম সংস্থানে এরাজ্য ক্রমশঃই পিছিয়ে পড়ছে।

২/ ভিন রাজ্যের পরিচয় পত্রের সঙ্গে হুবহু নম্বর মিলে যাওয়ায় নির্বাচন কমিশন এরাজ্যের ৬০০ কার্ড বাতিল করেছে।
# ভুয়ো ভোটার কার্ড নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আগামী শুক্রবার স্বীকৃত রাজনৈতিক দলগুলিকে বৈঠকে ডাকা হয়েছে।

৩/ হাওড়ার বেলগাছিয়ার ভাগাড়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে রাজ্য সরকার বাড়ি তৈরী করে দেবে বলে পুরমন্ত্রী জানিয়েছেন।

৪/ রাজ্য সরকারি কর্মীদের পয়লা এপ্রিল থেকে মহার্ঘ ভাতা বৃদ্ধির বিজ্ঞপ্তি জারি হয়েছে।

৫/ বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী, লেখক, গবেষক, সঙ্গীতজ্ঞ ও শিক্ষক সন্‌জিদা খাতুন প্রয়াত।

************************************************************************

ব্রিটেন সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ লন্ডনে শিল্প সম্মেলনে যোগ দিয়েছেন। বৈঠকের শুরুতে মুখ্য সচিব মনোজ পন্থ গ্রিন এনার্জি, ইকোনমিক করিডর সহ বিভিন্ন ক্ষেত্রে গুরুত্ব দেবার পাশাপাশি রাজ্যের শিল্পনীতির উল্লেখ করেন।

ভারতীয় সময় সন্ধে সাড়ে সাতটা নাগাদ এই সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনের আয়োজক ফিকি এবং ব্রিটেন-ইন্ডিয়া বিজনেস কাউন্সিল ও শিল্পোন্নয়ন নিগম। ব্রিটেনে ভারতীয় হাইকমিশনার বিক্রম কে দোরাইস্বামী'ও সম্মেলনে যোগ দিয়েছেন।

রাজ্যের শিল্প মহলের পক্ষে সত্যম রায়চৌধুরী, রিলায়েন্সের তরুণ ঝুনঝুনওয়ালা, অম্বুজা নেওটিয়া গ্রুপের হর্ষ নেওটিয়া, প্যাটন গ্রুপের সঞ্জয় বুধিয়া, ইমামি গ্রুপের হর্ষবর্ধন আগরওয়াল, লক্ষ্মী টি গ্রুপের রুদ্র চ্যাটার্জী, টেগা ইন্ডাস্ট্রির মেহুল মহাঙ্কা প্রমুখ সম্মেলনে উপস্থিত রয়েছেন বলে আমাদের প্রতিনিধি জানাচ্ছেন।

ব্রিটিশ সরকারের প্রতিনিধির সঙ্গে মুখ্যমন্ত্রীর আগামীকাল বৈঠকে বসার কথা।

************************

এরাজ্য বিনিয়োগের মরুদ্যান হবে বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন বিজেপি তার সমালোচনা করেছে।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সমাজ মাধ্যমে অভিযোগ করে বলেন, ২০১১ সালের পর থেকে এরাজ্য অর্থনীতি ও কর্মসংস্থানে ক্রমশ পিছিয়ে পড়ছে। মুখ্যমন্ত্রী লন্ডনে শুধুমাত্র উল্টো হাঁটছেন না, বাংলায় শিল্প, কর্মসংস্থানও উল্টো পথে হাঁটছে বলে তাঁর অভিযোগ। বাংলায় কর্মসংস্থান না থাকায় এরাজ্যের মানুষ রোজগারের তাগিদে অন্য রাজ্যে গিয়ে পরিযায়ী শ্রমিকের পরিচয়ে বেঁচে আছেন বলে শ্রী মজুমদার মন্তব করেন।

তাঁর আরো অভিযোগ, মুখ্যমন্ত্রীর তোষণের রাজনীতি বিপজ্জনক পর্যায়ে পৌঁছেছে। আজ এক্স হ্যান্ডেলে তিনি বলেন, রাজ্যের ভোটার তালিকা থেকে হিন্দুদের চিহ্নিত করে বাদ দিয়ে বাংলাদেশী অনুপ্রবেশকারীদের ভোটাধিকার দেওয়া হচ্ছে।
এ'বিষয়ে যাবতীয় প্রমাণ গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কাছে তুলে দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

**********************

ভিন রাজ্যের পরিচয় পত্রের সঙ্গে হুবহু নম্বর মিলে যাওয়ায় নির্বাচন কমিশন এরাজ্যের ৬০০ এপিক কার্ড বাতিল করেছে। নম্বর মিলে যাওয়ায় হরিয়ানা, গুজরাটের মতো কয়েকটি রাজ্যেও কয়েক হাজার এপিক কার্ড বাতিল করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। এরাজ্যের সঙ্গে হরিয়ানার এপিক নম্বর মিলে যাওয়ার ঘটনা সবচেয়ে বেশি । ভোটার কার্ড সংশোধনের ক্ষমতা কমিশন, জেলাস্তরের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারদের হাতে দেওয়ার পরই এ'ধরণের বিভ্রাট ঘটেছে বলে কমিশনের অনুমান।

এদিকে, ভুয়ো ভোটার কার্ড নিয়ে চলতি বিতর্কের প্রেক্ষিতে ভোটার কার্ড সংশোধন সহ নানা বিষয় নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর বৈঠকে বসছে। আগামী শুক্রবার রাজ্যের আটটি স্বীকৃত রাজনৈতিক দলকে ওই সর্বদলীয় বৈঠকে ডাকা হয়েছে। একই এপিক নম্বরে একাধিক ভোটার কার্ড থাকা নিয়ে সাম্প্রতিক বিভিন্ন বিতর্ক নিরসনের পথ খুঁজতেই এই বৈঠক ডাকা হয়েছে বলে মনে করা হচ্ছে।

**********************

রাজ্য বাজেটের ঘোষণা মত সরকারি কর্মচারীদের পয়লা এপ্রিল থেকে ৪ শতাংশ মহার্ঘ ভাতা বাড়ছে। এই মর্মে আজ অর্থ দপ্তর বিজ্ঞপ্তি জারি করেছে। এর ফলে আগামী পয়লা এপ্রিল থেকে রাজ্য সরকারি কর্মীরা ১৮ শতাংশ হারে মহার্ঘ ভাতা পাবেন।

রাজ্য সরকারের বিভিন্ন দফতর ছাড়াও সরকারি ও সরকার পোষিত স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক- অশিক্ষক কর্মচারী, স্বশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত সংস্থা, পঞ্চায়েত ও পুরসভার কর্মী এবং রাজ্য সরকারের পেনশনভোগীরাও বাড়তি মহার্ঘ ভাতার সুবিধে পাবেন।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ৩০শে মার্চ তাঁর প্রতি মাসের বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০ তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানের বিষয়ে জনসাধারণ আগামী ২৮ তারিখের মধ্যে নিঃশুল্ক নম্বর

১৮০০-১১-৭৮০০তে ডায়াল করে তাঁদের মতামত জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও এই মতামত জানানো যাবে।

এই অনুষ্ঠান আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল , AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে। মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

***********************

হাওড়ার বেলগাছিয়া ভাগাড় সংলগ্ন এলাকার বাসিন্দাদের অস্থায়ী পুনর্বাসন নিয়ে আজ জেলা প্রশাসনের তরফে একটি বৈঠকের আয়োজন করা হয়। প্রশাসনের তরফ থেকে স্থানীয়দের একটি বিদ্যালয়ে সাময়িক আশ্রয় ব্যবস্থা করা হবে বলে জানানো হয়। ভাগাড় সংলগ্ন অঞ্চলে মাটির পরীক্ষা চালানো ও ওই অঞ্চলে বাসস্থান নির্মাণের উপযুক্ত পরিস্থিতি রয়েছে কিনা, তা নিয়ে পরীক্ষা নিরীক্ষার জন্য বাসিন্দাদের অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা করা হয়েছে। হাওড়া জেলার অতিরিক্ত জেলা শাসক (ভূমি সংস্কার) আজার জিয়া সংবাদমাধ্যমকে জানান, এলাকাবাসীদের বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানানো হয় এই বৈঠকে।

( বাইট- ADM জিয়া)

এদিকে, স্থানীয়দের একাংশ প্রস্তাবে আপত্তি তুলে জানায়, শুধুমাত্র মৌখিক আশ্বাসের ভিত্তিতে নিজেদের ঘর বাড়ি ছাড়তে তাঁরা রাজি নন।

( বাইট- বাসিন্দা)

অন্যদিকে আজ প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বেলগাছিয়া অঞ্চল পরিদর্শনে গেলে পুলিশের তরফ থেকে বাধা দেওয়া হয়। জানানো হয়, এলাকা বিপজ্জনক থাকায় প্রবেশ করতে দেওয়া হবে না।

গতকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বেলগাছিয়ায় গেলে পুলিশী বাধার জেরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। শুভেন্দু অধিকারীকে বাধা দেবার প্রতিবাদে বিজেপি কর্মীরা

আজ হাওড়া জেলা জুড়ে প্রতিবাদ কর্মসূচীর আয়োজন করে। বিজেপি দু-নম্বর মন্ডলের পক্ষ থেকে লিলুয়া থানার সামনে আজ বিক্ষোভ দেখানো হয়।

হাওড়ার বেলগাছিয়ার ভাগাড়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে রাজ্য সরকার পুনর্বাসন দেবে বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন।

আজ সাংবাদিকদের তিনি জানান, এই ঘটনায় ক্ষতিগ্রস্ত ৯৬ টি পরিবারকে আগামী দেড় বছরের মধ্যে 'বাংলার বাড়ি' প্রকল্পের আওতায় আবাসন তৈরী করে দেওয়া হবে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একটি বিশেষজ্ঞ দল ভাগাড়ের মাটি পরীক্ষার পর রিপোর্ট পেশ করলে পরবর্তী ব্যাবস্থা নেওয়া হবে বলে পুরমন্ত্রী জানান।

***********************

মারধরের একটি মামলায় বর্ধমান উন্নয়ন সংস্থার চেয়ারপার্সন সহ ১৩ জনের সাজা ঘোষণা আজ স্থগিত হয়ে গেছে। গতকাল এই ১৩ জনকে দোষী সাব্যস্ত করা হয়।

এর মধ্যে চারজন অনুপস্থিত থাকায় বর্ধমানের দ্বিতীয় ফাস্ট ট্র্যাক কোর্টের বিচারক সাজা ঘোষণা স্থগিত রাখেন। আগামীকাল তাদের আদালতে পেশের নির্দেশ দেওয়া হয়েছে।

***********************

নিয়োগের দাবিতে প্রশিক্ষিত নার্সরা আজ ধর্মতলার ধর্মতলার রানী রাসমণি রোডে অবস্থান বিক্ষোভে সামিল হন। কুড়ি হাজারেরও বেশি প্রশিক্ষিত নার্স নিয়োগ পাচ্ছেন না বলে তাঁদের অভিযোগ।

২০২২ সালের পর থেকে রাজ্যে সরকারিভাবে কোন নার্স নিয়োগ করা হয়নি বলে তাঁদের দাবি। এর ফলে সরকারি হাসপাতালে চিকিৎসা পরিষেবায় সমস্যা হচ্ছে বলে তাঁদের বক্তব্য।

***********************

উলুবেড়িয়া নোনায় বহুতল আবাসন থেকে দরজার তালা ভেঙে রেখা চন্দ্র নামে বছর ৭৫-এর এক বৃদ্ধার মৃতদেহ উদ্ধার করা হয়েছে। তিনি একাই থাকতেন বলে জানা গেছে।

উলুবেড়িয়া থানার পুলিশ তদন্ত শুরু করেছে।

***********************

বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী, লেখক, গবেষক, সঙ্গীতজ্ঞ ও শিক্ষক সন্‌জিদা খাতুন প্রয়াত। বাংলাদেশের রাজধানী ঢাকায় আজ এই কিংবদন্তী শিল্পী ও গবেষকের জীবনাবসান হয়। বয়স হয়েছিল ৯২ বছর।

বিশ্বভারতী বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী সন্‌জিদা খাতুন রবীন্দ্রনাথের ভাবধারা প্রসারে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। দেশিকোত্তম সহ অজস্র পুরস্কারে সম্মানিত সন্‌জিদা খাতুনকে ভারত সরকার ২০২১ সালে পদ্মশ্রী দিয়ে সম্মানিত করে।

**********************

পুরুলিয়ার ঝালদা এবং বলরামপুরে বন দপ্তরের কর্মীরা বে আইনি পোস্ত চাষের বিরুদ্ধে অভিযান চালিয়ে এই গাছ নষ্ট করে। বলরামপুরের কলাবেড়া ও মাহালি টনড়ে প্রায় ১০ কাঠা জমির পোস্ত গাছ নষ্ট করা হয়।

অভিযানে, ঝালদা এবং বলরামপুরের রেঞ্জ অফিসার সহ একাধিক আধিকারিক উপস্থিত ছিলেন। ঝালদা এলাকায় প্রায় দু-একর জমির পোস্ত সম্পূর্ণ নষ্ট করে দেওয়া হয়েছে বলে পুরুলিয়ার DFO অঞ্জন গুহ জানিয়েছেন।

*******************************************************************